

12425 - রমযান মাসে বেহুশ হয়ে পড়ে থাকা

প্রশ্ন

যে ব্যক্তি গাড়ী এক্সিডেন্টের শিকার হয়ে বেহুশ অবস্থায় রমযান মাসে প্রবেশ করেছে এবং ২২ দিন পর সে সম্বিত ফিরে পেয়েছে তার কর্তব্য কী?

প্রিয় উত্তর

এ প্রশ্নটি শাইখ মুহাম্মাদ বিন উছাইমীনের কাছে পেশ করা হয়েছে, তিনি বলেন:

অগ্রগণ্য মতানুযায়ী, রোগের কারণে কিংবা রোগ ছাড়া অন্য কোন কারণে কেউ জ্ঞান হারিয়ে পড়ে থাকলে তার উপর নামাযের আবশ্যিকীয় দায়িত্ব থাকে না। তাই তার উপর নামায কাযা করা আবশ্যিক নয়। কিন্তু, জ্ঞান হারানোর কারণে সে যে দিনগুলোর রোযা রাখতে পারেনি সে দিনগুলোর রোযা কাযা পালন করা তার উপর আবশ্যিক।

নামায ও রোযার মধ্যে পার্থক্য হচ্ছে, নামায আবর্তমান। তাই কেউ যদি তার ছুটে যাওয়া নামায না পড়ে থাকে সে নামায পরের দিন তাকে পড়তে হয়। কিন্তু, রোযার দায়িত্ব আবর্তমান নয়। এ কারণে ঋতুগ্রস্ত নারীকে রোযার কাযা পালন করতে হয়; নামাযের কাযা পালন করতে হয় না।